

# গুণান্তর

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ১১:৩৬ এএম

সারাদেশ

## গাজীপুর কৃষি শিক্ষান্তর নং ৯ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা শনিবার



গাজীপুর মহানগর প্রতিনিধি

প্রকাশ: ১০ এপ্রিল ২০২৫, ০৮:৩৫ পিএম



গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়সহ (গাকুবি) কৃষি গুচ্ছভুক্ত ৯টি সরকারি কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা আগামী শনিবার অনুষ্ঠিত হবে।

কৃষিবিজ্ঞান বিষয়ের ডিগ্রি প্রদানকারী ৯টি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রসমূহে ১২ এপ্রিল শনিবার বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত সারা দেশে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার ২০২৪-২৫ শিক্ষাবর্ষের কৃষি প্রাধান্যের ৯টি বিশ্ববিদ্যালয়ে মোট আসন সংখ্যা রয়েছে ৩ হাজার ৮৬৩টি। তার মধ্যে গাকুবির ৭টি অনুষদে আসন রয়েছে ৪৩৫টি।

এ বছর ভর্তি পরীক্ষায় ৩ হাজার ৮৬৩ আসনের বিপরীতে আবেদন করেছেন ৯৪ হাজার ৩৬ শিক্ষার্থী। এ হিসাবে প্রতিটি আসনে গড়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন ২৫ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী। এবারের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় গাকুবির বিভিন্ন কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন ৮ হাজার পরীক্ষার্থী।

পরীক্ষার সার্বিক বিষয়ে গাকুবি উপাচার্য প্রফেসর ড. জিকেএম মোস্তাফিজুর রহমান বলেন, এ ভর্তি পরীক্ষার মাধ্যমে আমরা দেশের কৃষি শিক্ষা, গবেষণা এবং উন্নয়ন ক্ষেত্রে আরও দক্ষ ও প্রতিভাবান ছাত্র-ছাত্রীদের জন্য সুযোগ সৃষ্টি করতে পারব। প্রতিষ্ঠাকালীন থেকেই এ বিশ্ববিদ্যালয়টি শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে অত্যন্ত তৎপর বিধায় আমরা ভর্তি পরীক্ষার মাধ্যমে যোগ্য শিক্ষার্থী নির্বাচন করে তাদের আধুনিক কৃষিবিজ্ঞান, প্রযুক্তি ও গবেষণায় দক্ষ করে তুলতে চাই। আমি পরীক্ষায় অংশগ্রহণ করতে যাওয়া সব শিক্ষার্থীকে অগ্রিম শুভকামনা জানাচ্ছি এবং পরীক্ষার নিয়মাবলী মেনে সুর্খু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষায় অংশগ্রহণের আহ্বান জানাচ্ছি।

উল্লেখ্য, এ বছর কৃষি গুচ্ছের ভর্তি পরীক্ষার সার্বিক তত্ত্বাবধান করছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) ময়মনসিংহ।